# একাডেমি বার্তা

বিসিএস প্রশাসন একাডেমির মুখপত্র

ষষ্ঠদশ বর্ষ, সংখ্যা - ০১, জানুয়ারি-জুন ২০১৭

**বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি**

শাহবাগ, ঢাকা-১০০০

# একাডেমি বার্তা

বিসিএস প্রশাসন একাডেমির মুখপত্র

ষষ্ঠদশ বর্ষ, সংখ্যা - ০১, জানুয়ারি-জুন ২০১৭

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd

## ‘একাডেমি বার্তা সম্পাদনা পর্ষদ

| | |
|---|---|
| **সভাপতি** | **মো: আনোয়ারুল  ইসলাম সিকদার** এনডিসি<br>রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি |
| **সম্পাদক** | **পরিতোষ  চন্দ্র দাস** এমডিএস<br>বিসিএস প্রশাসন একাডেমি |
| **সদস্য** | ড. শাহ আলম<br>পরিচালক (প্রশাসন), বিসিএস প্রশাসন একাডেমি |
| **সদস্য** | মোঃ  জহিরুল ইসলাম<br>পরিচালক (প্রশিক্ষণ), বিসিএস প্রশাসন একাডেমি |
| **সদস্য** | মোঃ  জাফর ইকবাল, এনডিসি<br>পরিচালক (তথ্য প্রযুক্তি), বিসিএস প্রশাসন একাডেমি |
| **সদস্য** | ফারহিনা আহমেদ<br>পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিসিএস প্রশাসন একাডেমি |
| **সদস্য-সচিব** | ড. রহিমা খাতুন<br>উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা), বিসিএস প্রশাসন একাডেমি |

**প্রকাশনায়**
উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা)
বিসিএস প্রশাসন একাডেমি

**সহযোগিতায়**
তাছলিমা বেগম
ডাটা এন্ট্রি অপারেটর, বিসিএস প্রশাসন একাডেমি

**আলোকচিত্র**
মোঃ রাজিব আহমেদ
অডিও  ভিডিও  অপারেটর, বিসিএস প্রশাসন একাডেমি

**প্রকাশকাল**
জুলাই ২০১৭

# সম্পাদকীয়

বিসিএস প্রশাসন একাডেমির বহুমাত্রিক কর্মকান্ডের একটি চলমান প্রতিচ্ছবি “একাডেমী বার্তা”। মেধামনন, দক্ষতা, সৃষ্টিশীলতা, নতুন নতুন উদ্যোগ ও উদ্ভাবনের প্রত্যয়কে ধারণ করে একাডেমির নানাবিধ কর্মযজ্ঞ যেমন বিভিন্ন প্রশিক্ষন, সভা, সেমিনার, ওয়ার্কশপ এবং সাংস্কৃতিক কর্মপ্রবাহের সচিত্র খবরাখবর নিয়ে এই ষান্মাসিক আয়োজন। ইতিমধ্যেই এই বার্তা প্রশাসন ক্যাডারের সর্বস্তরের কর্মকর্তাদের মধ্যে ব্যাপক আগ্রহ ও উদ্দীপনার সৃষ্টি করেছে। এটি একদিকে যেমন একাডেমির কর্মকান্ডকে ধারণ করে তেমনি একাডেমির বহুবিধ সক্ষমতা ও সৃজনশীলতাকে কর্মকর্তাদের সামনে তুলে ধরে। এর মাধ্যমে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাবৃন্দ বিশেষ করে মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ একাডেমির বিভিন্ন কার্যক্রম সম্পর্কে জানার সুযোগ পায়।

উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ আজ রোল মডেল- এক নতুন বিস্ময়। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের রূপকল্প ২০২১ তথা ২০৪১ এর স্বপ্ন বাস্তবায়নে প্রশাসনের কর্মকর্তাদের অধিকতর যোগ্য, দক্ষ এবং শানিত করে গড়ে তোলার লক্ষ্যে স্বল্প ও দীর্ঘ মেয়াদী বিভিন্ন ধরণের কোর্সের আয়োজন করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় আইন ও প্রশাসন কোর্সের পাশাপাশি জনপ্রশাসন মন্ত্রনালয়ের নির্দেশনায় বিভিন্ন ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। এছাড়াও জনপ্রশাসন মন্ত্রনালয়ের নির্দেশনায় সংবিধিবদ্ধ সংস্থা ও জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য কিছু প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। অনুষদ সদস্যদের পাশাপাশি দেশবরেণ্য ব্যক্তিবর্গ, প্রোথিতযশা পেশাজীবী, সিভিল সার্ভেন্ট, সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রী ও উপদেষ্টাবৃন্দ রিসোর্স পারসন হিসেবে নবীন কর্মকর্তাদের দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দক্ষতা, যোগ্যতা ও সৃষ্টিশীলতাকে উদ্বুদ্ধ করার প্রত্যয়ে বিভিন্ন কর্মসূচী পরিচালনার পাশাপাশি নানাবিধ সেমিনার, ওয়ার্কশপ ও সভার আয়োজন করে থাকে।

“একাডেমি বার্তা”র এ সংখ্যায় জানুয়ারি ২০১৭ হতে জুন ২০১৭ সময়ে একাডেমিতে অনুষ্ঠিত উল্লেখযোগ্য কার্যক্রমের সচিত্র প্রতিবেদন তুলে ধরা হয়েছে। সম্মানিত অনুষদ সদস্যবৃন্দসহ “একাডেমি বার্তা” প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

## ঘটনাপ্রবাহ: জানুয়ারি ২০১৭

### ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স

বিসিএস প্রশাসন একাডেমিতে গত ০১ জানুয়ারি ২০১৭ তারিখে পাঁচ মাস মেয়াদি (০১ জানুয়ারি ২০১৭ হতে ০১ জুন ২০১৭ পর্যন্ত) ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো: মোজ্জাম্মেল হক খান, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. এম আসলাম আলম, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। ১০০ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স দুটিতে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন ক্যাডারের সর্বমোট ৭২ জন (পুরুষ ৫১ জন, মহিলা ২১ জন) সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট অংশগ্রহণ করেন। কোর্সে সর্বমোট ২৪ টি মডিউলের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। দু'টি কোর্সের কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন জনাব পরিতোষ চন্দ্র দাস, এমডিএস (অতিরিক্ত সচিব) বিসিএস প্রশাসন একাডেমি এবং কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন জনাব মোঃ জাফর ইকবাল, এনডিসি, পরিচালক (তথ্য প্রযুক্তি), বিসিএস প্রশাসন একাডেমি। ১০০তম আইন ও প্রশাসন কোর্সের কোর্স সমন্বয়ক ছিলেন বেগম মল্লিকা দে, উপপরিচালক (ডকুমেন্টেশন ও ইভ্যালুয়েশন) ও সহকারী কোর্স সমন্বয়ক ছিলেন জনাব মো: আফজাল হোসেন, প্রোগ্রামার। ১০১তম আইন ও প্রশাসন কোর্সের কোর্স সমন্বয়ক ছিলেন জনাব তৌহিদুল ইসলাম, উপপরিচালক (প্রশিক্ষণ) ও সহকারী কোর্স সমন্বয়ক ছিলেন জনাব মো: মাহমুদুল হক, সহকারী পরিচালক (প্রশিক্ষণ)।

### এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মাঠ সংযুক্তি

এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ৮ সপ্তাহ মেয়াদী মাঠ সংযুক্তির অংশ হিসেবে গত ০২ জানুয়ারি ২০১৭ তারিখ হতে ০৩ জানুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত আরডিএ, বগুড়া এবং ০৮ জানুয়ারি ২০১৭ তারিখ হতে ১০ জানুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত চাঁদপুর ও সুনামগঞ্জ জেলা/প্রতিষ্ঠানে গমন করেন। এ সময় তারা জেলা প্রশাসনসহ জেলা পর্যায়ের অন্যান্য গুরুত্বপূর্ণ অফিসসমূহের কার্যাবলী ও ব্যবস্থাপনা সম্পর্কে বাস্তব ধারণা অর্জন করেন।




প্রশিক্ষণ কার্যক্রমের মাঠ সংযুক্তির অংশ হিসেবে সহকারী কমিশনার (ভূমি) এর অফিস পরিদর্শন

## ১৯তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধন

০৮ জানুয়ারি ২০১৭ হতে ০২ ফেব্রুয়ারি ২০১৭ সময়কালে একাডেমিতে ১৯তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সটি অনুষ্ঠিত হয়। এ কোর্সে উপসচিব (প্রশাসন ক্যাডার ব্যতিত) পর্যায়ের ৪৪ জন কর্মকর্তা (পুরুষ ৪১ জন, মহিলা ৩ জন) অংশগ্রহণ করেন। ১৯তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন জনাব পরিতোষ চন্দ্র দাস, এমডিএস (অতিরিক্ত সচিব) বিসিএস প্রশাসন একাডেমি ও কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন ড. শাহ আলম, পরিচালক (প্রশাসন) বিসিএস প্রশাসন একাডেমি এবং কোর্স সমন্বয়ক ছিলেন বেগম জাকিয়া পারভীন, উপপরিচালক (প্রশাসন) বিসিএস প্রশাসন একাডেমি।




১৯তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধন অনুষ্ঠান

## ২৩তম সরকারী ক্রয় ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধন

গত ০৮ জানুয়ারি ২০১৭ তারিখ হতে ১৯ জানুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত সময়কালে একাডেমিতে ২৩তম সরকারী ক্রয় ব্যবস্থাপনা কোর্সটি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. এম আসলাম আলম, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। এ কোর্সে উপসচিব, সিনিয়র সহকারী সচিব/ সহকারী কমিশনার /সহকারী সচিব পর্যায়ের ২০ জন কর্মকর্তা (পুরুষ ১৪ জন, মহিলা ০৬ জন) অংশগ্রহণ করেন। জনাব পরিতোষ চন্দ্র দাস, মেম্বার ডাইরেক্টিং স্টাফ, বিসিএস প্রশাসন একাডেমি, উক্ত কোর্সের কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব ড. শাহ আলম, পরিচালক (প্রশাসন) উক্ত কোর্সের কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন এ কে এম ফজলুল হক, উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিসিএস প্রশাসন একাডেমি।

## এ ৬২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী

এ৬২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে বিভিন্ন ক্যাডারের ৪০ জন কর্মকর্তার (পুরুষ ২৩ জন, মহিলা ১৭ জন) অংশগ্রহণ করেন। ড. শাহ আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কোর্সের কোর্স পরিচালক এবং এ কে এম সোহেল, উপ-পরিচালক (সেবা) কোর্সটির কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও, একাডেমির সহকারী পরিচালক (সেবা) জনাব ইমরুল কায়েস কোর্সটির সহকারী কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন। গত ১১ জানুয়ারি ২০১৭ তারিখে এ৬২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. এম আসলাম আলম, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। আরো উপস্থিত ছিলেন জনাব পরিতোষ চন্দ্র দাস, মেম্বার ডাইরেক্টিং স্টাফ, বিসিএস প্রশাসন একাডেমি ও জনাব মো: শাহ আলম, পরিচালক (প্রশাসন), বিসিএস প্রশাসন একাডেমি।




এ৬২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে ক্রেস্ট বিতরণ করছেন
ড. এম আসলাম আলম, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি

## ২৩তম সরকারী ক্রয় ব্যবস্থাপনা কোর্সের সমাপনী

গত ১৯ জানুয়ারি, ২০১৭ তারিখ ২৩তম সরকারী ক্রয় ব্যবস্থাপনা কোর্সটির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. এম আসলাম আলম, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। আরো উপস্থিত ছিলেন জনাব পরিতোষ চন্দ্র দাস, মেম্বার ডাইরেক্টিং স্টাফ, বিসিএস প্রশাসন একাডেমি ও ড. শাহ আলম, পরিচালক (প্রশাসন), বিসিএস প্রশাসন একাডেমি এবং এ কে এম ফজলুল হক, উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন, বিসিএস প্রশাসন একাডেমি।




২৩তম সরকারী ক্রয় ব্যবস্থাপনা কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করছেন
ড. এম আসলাম আলম, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি

## ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স এবং এ৬৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রথম মেস রজনী

প্রশিক্ষণার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে আইন ও প্রশাসন কোর্সের ও বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রতিমাসে নিয়মিতভাবে মেস রজনী/ অতিথি রজনীর আয়োজন করা হয়। গত ৩০ জানুয়ারি ২০১৭ তারিখে ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স, এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রথম মেস রজনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সুরাইয়া বেগম এনডিসি, সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পর্ব উপস্থাপন করেন।




মেস রজনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ দলীয় নৃত্য পরিবেশন করছেন

# ঘটনাপ্রবাহঃ ফেব্রুয়ারি, ২০১৭

## এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের শিক্ষা সফর

এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী ও কোর্স ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ গত ১১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ হতে ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত বান্দরবান জেলার লামা, কোয়ান্টম পল্লী, নীলগিরি, নীলাচল, মেঘলা ও স্বর্ণমন্দিরসহ বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করেন। উক্ত কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ কক্সবাজার জেলায় টেকনাফ, সেন্টমার্টিন এবং ছেঁড়া দ্বীপসহ বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করেন।




এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের শিক্ষা সফরে হাস্যোজ্জল মূহুর্ত

## দ্বিতীয় গভর্ন্যান্স এন্ড ইনোভেশন কোর্সের উদ্বোধন

গত ১৩ ফেব্রুয়ারি ২০১৭ হতে ২৭ ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ০২(দুই) সপ্তাহ মেয়াদি ২য় গভর্ন্যান্স এন্ড ইনোভেশন কোর্সটি অনুষ্ঠিত হয়। এ কোর্সে উপসচিব পর্যায়ের ৩১ জন কর্মকর্তা (পুরুষ ২৮ জন, মহিলা ০৩ জন) অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সুবীর কিশোর চৌধুরী, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ রাকিব হোসেন, অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব পরিতোষ চন্দ্র দাস, এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি। জনাব পরিতোষ চন্দ্র দাস, এমডিএস, কোর্সের কোর্স পরিচালক এবং বেগম জাকিয়া পারভীন, উপপরিচালক (প্রশাসন) কোর্সটির কোর্স সমন্বয়ক এবং জনাব মোহাম্মদ আফজাল হোসেন, সহকারী কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন।




দ্বিতীয় গভর্ন্যান্স এন্ড ইনোভেশন কোর্সের উদ্বোধন অনুষ্ঠান

## ১০০তম ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের শিক্ষা সফর

১০০তম ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী ও কোর্স ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ গত ১৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ হতে ২৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত বান্দরবান জেলার নীলগিরি, নীলাচল, চিম্বুক পাহাড়, মেঘলা ও প্রান্তিক লেকসহ বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করেন। উক্ত কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ কক্সবাজার জেলায় ইনানী বীচ, হিমছড়ি, টেকনাফ, সেন্টমার্টিন এবং ছেঁড়া দ্বীপসহ বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করেন।

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উপলক্ষে ২০ ফেব্রুয়ারি ২০১৭ বিকেল ৩:০০ টায় বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন সরকারের সচিব এবং একডেমির রেক্টর ড. এম আসলাম আলম। রেক্টর, এমডিএস এবং ২য় গর্ভনেন্স এ্যান্ড ইনোভেশন কোর্স ও এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স এর আগ্রহী প্রশিক্ষণার্থীবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। ভাষা আন্দোলনের প্রেক্ষাপট, একুশের চেতনা, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য এবং আমাদের করণীয় ইত্যাদি বিষয়াবলী আলোচনায় অধিক গুরুত্ব সহকারে ফুঁটে উঠে। একুশের চেতনায় ভাস্বর মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানটি সমাপ্ত হয়।




মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে বক্তব্য রাখছেন একাডেমির রেক্টর ড. এম আসলাম আলম

## ভারতীয় প্রতিনিধি দল কর্তৃক একাডেমি পরিদর্শন:

ভারতের ন্যাশনাল সেন্টার ফর গুড গভর্ন্যান্স এর একটি প্রতিনিধি দল গত ২৬ ফেব্রুয়ারি বিসিএস প্রশাসন একাডেমিতে আসেন। প্রতিনিধিদলকে নেতৃত্ব দিয়েছেন ভারত সরকারের একজন যুগ্মসচিব জনাব বিষ্ণু বড়ুয়া। তার সঙ্গে ছিলেন ন্যাশনাল সেন্টার ফর গুড গভর্ন্যান্স এর সহযোগী প্রফেসর ড. এ পি সিং এবং ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের রাজনৈতিক এটাচি জনাব অনিল কুমার। মধ্যাহ্ন ভোজের পর এ প্রতিনিধিদল একাডেমির অনুষদ বর্গের সাথে এমডিএস মহোদয়ের সভাপতিত্বে এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। সভায় দুই প্রতিষ্ঠানের মধ্যে সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্র নিয়ে আলোচনা হয়।




ভারতের ন্যাশনাল সেন্টার ফর গুড গভর্নেন্স এর প্রতিনিধিদলের একাডেমি পরিদর্শন

## দ্বিতীয় গভর্ন্যান্স এন্ড ইনোভেশন কোর্সের সমাপনী

গত ২৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ ২য় গভর্ন্যান্স এন্ড ইনোভেশন কোর্সটির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব পরিতোষ চন্দ্র দাস, মেম্বার ডাইরেক্টিং স্টাফ, বিসিএস প্রশাসন একাডেমি।




দ্বিতীয় গভর্ন্যান্স এন্ড ইনোভেশন কোর্স এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন মন্ত্রিপরিষদ সচিব, জনাব মোহাম্মদ শফিউল আলম

## দ্বিতীয় গভর্ন্যান্স ও ইনোভেশন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা বিষয়ক কর্মশালা:

দ্বিতীয় গভর্ন্যান্স ও ইনোভেশন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রণীত তিন বছর মেয়াদী কর্মপরিকল্পনার ওপর একটি কর্মশালা একাডেমির মূল ভবনের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একাডেমির রেক্টর ড. এম আসলাম আলম। প্রশিক্ষণার্থীগণকে পাঁচটি গ্রুপে ভাগ করা হয় এবং প্রত্যেক গ্রুপের দলনেতা কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। অতঃপর কর্মপরিকল্পনার বিভিন্ন দিক নিয়ে একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনায় অংশগ্রহণ করেন মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সংস্কার ও সমন্বয়) জনাব এন এম জিয়াউল আলম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব আবুল কালাম আজাদ, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান কাজী এম আমিনুল ইসলাম। কর্মশালায় কোর্স পরিচালকসহ একাডেমির অনুষদ সদস্যগণ উপস্থিত ছিলেন।



দ্বিতীয় গভর্ন্যান্স ও ইনোভেশন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা বিষয়ক কর্মশালা

## আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদযাপন

"নারী পুরুষ সমতায় উন্নয়নের
যাত্রা বদলে যাবে বিশ্ব, কর্মে নতুন মাত্রা"

আন্তর্জাতিক নারী দিবস-২০১৭ এর প্রতিপাদ্যকে ভিত্তি করে গত ০৮ মার্চ সকাল ১১: ০০ টায় বিসিএস প্রশাসন একাডেমিতে আন্তর্জাতিক নারী দিবস-২০১৭ উদযাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড. এম আসলাম আলম, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর, অনুষদবর্গ ও প্রশিক্ষণার্থীবৃন্দ। অনুষ্ঠানের শুরুতে সকল নারী সহকর্মীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং উপস্থিত সকলকে রঙ্গিনব্যাজ পরানো হয়। এছাড়া কেক কাঁটা, কবিতা আবৃত্তি এবং এ দিবসের গুরুত্বের উপর আলোচনা করা হয়। নারীদের প্রতি কৃতজ্ঞতা ও সুন্দর আগামীর জন্য শুভ কামনা জ্ঞাপন করে অনুষ্ঠান সমাপ্ত হয়।

## ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স, এ৬৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের দ্বিতীয় মেস রজনী

প্রশিক্ষণার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে আইন ও প্রশাসন কোর্সের ও বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রতিমাসে নিয়মিতভাবে মেস রজনী/ অতিথি রজনীর আয়োজন করা হয়। গত ০৯ মার্চ ২০১৭ তারিখে ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স, এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের দ্বিতীয় মেস রজনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব হেদায়েতুল্লাহ আল মামুন এনডিসি, সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পর্ব উপস্থাপন করেন।




দ্বিতীয় মেস রজনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ দলীয় সংগীত পরিবেশন করছেন

## এ৬৩ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

২২ মার্চ ২০১৭ সকাল ১১:৩০ টায় বিসিএস প্রশাসন একাডেমির সেমিনার হলে এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক চেয়ারম্যান প্রাইভেটাইজেশন কমিশন এবং সাবেক সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোল্লা ওয়াহিদুজ্জামান এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব পরিতোষ চন্দ্র দাস, সরকারের অতিরিক্ত সচিব ও এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ প্রধান অতিথির নিকট হতে বিভিন্ন ইভেন্টের পুরস্কার গ্রহণ করেন। এছাড়াও প্রশিক্ষণার্থীবৃন্দ অনুষ্ঠানে গান, কবিতা এবং অন্যান্য উপস্থাপনা পরিবেশন করেন।




এ৬৩ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

## এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী

২৫ সেপ্টেম্বর ২০১৬ হতে ২৩ মার্চ ২০১৭ পর্যন্ত ৬ (ছয়) মাস মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি বিভিন্ন ক্যাডারের ৩৭ জন কর্মকর্তার (পুরুষ ২৬ জন, মহিলা ১১ জন) অংশগ্রহণে শুরু হয়। গত ২২ মার্চ ২০১৭ তারিখে কোর্সটির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ড. শাহ আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কোর্সের কোর্স পরিচালক এবং এ কে এম সোহেল, উপপরিচালক (সেবা) কোর্সটির কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়াও, কোর্সটির সহকারী কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন একাডেমির সহকারী পরিচালক (সেবা) জনাব ইমরুল কায়েস।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৭

'বঙ্গবন্ধুর জন্মদিন, বাংলাদেশের খুশির দিন'

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৯৮তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৭ উপলক্ষে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা ও সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি ও বিশিষ্ট কথা সাহিত্যিক সেলিনা হোসেন। অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করেন ড. এম আসলাম আলম, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। এছাড়া উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন একাডেমির সম্মানিত অনুষদবর্গ ও প্রশিক্ষণার্থীবৃন্দ। আলোচনা অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবনাদর্শের বিভিন্ন ঘটনা তুলে ধরে নবীন প্রশিক্ষণার্থী কর্মকর্তাদেরকে সোনার বাংলা বিনির্মাণে আরও আত্মপ্রত্যয়ী হওয়ার জন্য আহবান জানানো হয়। অনুষ্ঠানে জাতির পিতার স্মরণে কবিতা, গান পরিবেশন করা হয়। পরিশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এবং তাঁর আদর্শকে বুকে ধারণ করে বাংলাদেশকে সুন্দরভাবে গড়ার প্রত্যয় ব্যক্ত করে অনুষ্ঠানের সমাপ্তি হয়।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৯৮তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৭ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রধান অতিথি বিশিষ্ট কথা সাহিত্যিক সেলিনা হোসেন

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৭

২৭ মার্চ ২০১৭ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির অডিটরিয়ামে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক মুনতাসীর মামুন, বিশিষ্ট শিক্ষাবিদ, লেখক, গবেষক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. এম আসলাম আলম, সচিব ,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রেক্টর বিসিএস প্রশাসন একাডেমি । উক্ত অনুষ্ঠানে একাডেমির সকল অনুষদ সদস্যবৃন্দ, ১০০তম ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ এবং একাডেমির সকল কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান অতিথি বিশিষ্ট শিক্ষাবিদ, লেখক এবং গবেষক অধ্যাপক মুনতাসীর মামুনকে ফুলেল শুভেচ্ছা

## ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের ৩য় মেস রজনী

প্রশিক্ষণার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে আইন ও প্রশাসন কোর্সের ও বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রতিমাসে নিয়মিতভাবে মেস রজনী আয়োজন করা হয়। গত ৩০ মার্চ ২০১৭ তারিখে ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের ৩য় মেস রজনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. কামাল আবদুল নাসের চৌধুরী, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পর্ব উপস্থাপন করেন।




তৃতীয় মেস রজনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ দলীয় সংগীত পরিবেশন করছেন

## বিষয়ভিত্তিক ২য় সোশ্যাল মিডিয়া সংলাপ

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের উদ্যোগে ১৭ এপ্রিল ২০১৭ সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে বিষয়ভিত্তিক ২য় সোশ্যাল মিডিয়া সংলাপ অনুষ্ঠিত হয়। ৭টি পয়েন্ট হতে ৫০ টি প্রশিক্ষণ প্রতিষ্ঠান এ সংলাপে অংশগ্রহণ করে। বিসিএস প্রশাসন একাডেমিতে উপস্থিত হয়ে মোট ১২ টি প্রশিক্ষণ প্রতিষ্ঠান এ সংলাপে অংশগ্রহণ করে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব আবুল কালাম আজাদ উক্ত সংলাপ সঞ্চালনা করেন। বিসিএস প্রশাসন একাডেমিতে উক্ত সংলাপে সভাপতিত্ব করেন একাডেমির রেক্টর ও সরকারের সচিব ড.এম আসলাম আলম।




বিষয়ভিত্তিক ২য় সোশ্যাল মিডিয়া সংলাপ

## অনুষদ সদস্যদের জন্য প্রশিক্ষণ কর্মশালা

বিসিএস প্রশাসন একাডেমির অনুষদ সদস্যদের জন্য Research Methodology শীর্ষক দুদিনের প্রশিক্ষণ কর্মশালা ২১-২২ এপ্রিল ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালাটি সেন্টার ফর রিসার্চ এন্ড ট্রেনিং, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সহযোগিতায় বিসিএস প্রশাসন একাডেমির সার্বিক ব্যবস্থাপনায় পরিচালিত হয়েছে।




অনুষদ সদস্যদের জন্য প্রশিক্ষণ কর্মশালা বক্তব্য রাখছেন ড. রফিকুল হুদা চৌধুরী চেয়ারম্যান,
সেন্টার ফর রিসার্চ এন্ড ট্রেনিং, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

## ১০০তম ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের মাঠ সংযুক্তি

১০০তম ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী ও কোর্স ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ গত ২৫ এপ্রিল ২০১৭ তারিখ হতে ২৭ এপ্রিল ২০১৭ তারিখ পর্যন্ত বি.আর.ডি.টি.আই, খাদিমনগর, সিলেটে সংযুক্ত ছিলেন। মাঠ সংযুক্তির সাথে প্রশিক্ষণার্থীরা সিলেটের বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করেন।

## ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের চতুর্থ মেস রজনী

গত ৩০ এপ্রিল ২০১৭ তারিখে ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের চতুর্থ মেস রজনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্, সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন। উক্ত অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব পরিতোষ চন্দ্র দাস, এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পর্ব উপস্থাপন করেন।




চতুর্থ মেস রজনী অনুষ্ঠানে পাপেট শো পরিবেশন করছেন প্রশিক্ষণার্থীবৃন্দ

# ঘটনাপ্রবাহঃ মে ২০১৭

## ১৯তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধন

১৪ মে ২০১৭ হতে ০৮ জুন ২০১৭ সময়কালে একাডেমিতে ২০তম ও ২১তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সটি অনুষ্ঠিত হয়। এ কোর্সে উপসচিব (প্রশাসন ক্যাডার ব্যতিত) পর্যায়ের ৬৮ জন কর্মকর্তা (পুরুষ ৫৬ জন, মহিলা ১২ জন) অংশগ্রহণ করেন। জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ) উক্ত কোর্সের কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন মোসা: নারগিস মুরশিদা, উপপরিচালক (ডকুমেন্টেসন এন্ড ইভ্যালুয়েশন)।

## রেক্টর মহোদয়ের দায়িত্ব গ্রহণ ও হস্তান্তর

ড. এম আসলাম আলম (১১৭১), রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে বদলি হওয়ায় ২৩ মে ২০১৭ তারিখে একাডেমি থেকে অবমুক্ত হন এবং জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি (২১১৯) একাডেমিতে রেক্টর হিসেবে একই তারিখে যোগদান করেন।




রেক্টর হিসেবে দায়িত্ব গ্রহণ ও অর্পণ অনুষ্ঠানে জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি (২১১৯), সচিব গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ড. এম আসলাম আলম (১১৭১) সিনিয়র সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## এ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

২৪ মে ২০১৭ হতে ১৯ নভেম্বর ২০১৭ পর্যন্ত ৬ (ছয়) মাস মেয়াদি **এ৬৪তম** বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি বিভিন্ন ক্যাডারের ৪৩ জন কর্মকর্তার (পুরুষ ৩১ জন, মহিলা ১২ জন) অংশগ্রহণে শুরু হয়। গত ২৪ মে ২০১৭ কোর্সটির উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ইকবাল মাহমুদ, চেয়ারম্যান, বাংলাদেশ দুর্নীতি দমন কমিশন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। জনাব ফারহিনা আহমেদ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কোর্সের কোর্স পরিচালক এবং জনাব তরিকুল ইসলাম, প্রোগ্রামার, কোর্সটির কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়াও, একাডেমির সহকারী পরিচালক (সেবা) জনাব ইমরুল কায়েস, কোর্সটির সহকারী কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন।




এ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে মঞ্চে উপস্থিত প্রধান অতিথি জনাব ইকবাল মাহমুদ, চেয়ারম্যান, বাংলাদেশ দুর্নীতি দমন কমিশন

## ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের অতিথি রজনী

গত ২৪ মে ২০১৭ তারিখ বিসিএস প্রশাসন একাডেমির মিলনায়তনে ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স কোর্সের অতিথি রজনীর আয়োজন করা হয়েছে। অতিথি রজনীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. কামাল উদ্দিন আহমেদ, সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।




অতিথি রজনী অনুষ্ঠানে দলীয় সংগীত পরিবেশন করছেন ১০০তম আইন ও প্রশাসন কোর্সের কোর্স সমন্বয়ক বেগম মল্লিকা দে এবং প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ

## ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী

১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স দু'টির সমাপনী অনুষ্ঠান গত ০১ জুন ২০১৭ অনুষ্ঠিত হয়। উক্ত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো: মোজাম্মেল হক খাঁন, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।




বিসিএস প্রশাসন একাডেমিতে ১০০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের সাথে গ্রুপ ছবিতে
প্রধান অতিথি ড. মো: মোজাম্মেল হক খাঁন, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

## ৫ম মাস্টার্স ইন পাবলিক পলিসি এন্ড ম্যানেজমেন্ট প্রোগ্রাম

বিসিএস প্রশাসন একাডেমি, নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ এর সাথে যৌথভাবে এ প্রোগ্রামটির আয়োজন করে। বিসিএস প্রশাসন ক্যাডারভুক্ত কর্মকর্তা যাদের চাকরির মেয়াদ কমপক্ষে ১০ বছর তারা এ কোর্সে অংশ নিতে পারেন। এ কোর্সে ২৬ জন কর্মকর্তা (পুরুষ ২০ জন, মহিলা ৬ জন) অংশগ্রহণ করেছেন। গত ১০ জুলাই ২০১৭ তারিখ ৫ম মাস্টার্স ইন পাবলিক পলিসি এন্ড ম্যানেজমেন্ট প্রোগ্রামটির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।

## প্রশিক্ষণার্থী কর্তৃক সেমিনার আয়োজন

ক) প্রশিক্ষণের অংশ হিসেবে ১০০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীরা একাধিক সেমিনারের আয়োজন করেন। উক্ত কোর্সে নিম্নবর্ণিত বিষয়ে সেমিনারসমূহ অনুষ্ঠিত হয়:

1. Role of Social Safety Net Program in Poverty Alleviation: An Endeavor to be a Middle Income Country.
2. E-commerce: Prospects and challenges in Bangladesh.
3. Women Empowerment: Challenges and Prospects in the Context of Bangladesh.
4. Government & NGOs: How the mix can contribute in development of Bangladesh
5. Violence against women: In the Perspective of Bangladesh.
6. Enegry Security in Bangladeh (Current Secnarion and Future Prospect).
7. Global Warming and Bangladesh.
8. ICT and E-govenanace implementation in Bangladesh: Present scenario, Challenges and prospect for Digital Bangladesh.

খ) প্রশিক্ষণের অংশ হিসেবে ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীরাও একাধিক সেমিনারের আয়োজন করেন। উক্ত কোর্সে নিম্নবর্ণিত বিষয়ে সেমিনারসমূহ অনুষ্ঠিত হয়:

1. Human Trafficking
2. Public Private Partnership
3. Food Adulteration
4. The Prospect of ICT intervention to control Child Marriage.
5. Education system in Bangladesh
6. Significance of public projects in Bangladesh.
7. Technical and Vocational Education in Bangladesh.
8. The Empowerment of Local Government of Bangladesh and its Impact on the Field Administration.

গ) ৫ম মাস্টার্স ইন পাবলিক পলিসি এন্ড ম্যানেজমেন্ট প্রোগ্রাম কোর্সের উদ্যোগে একাধিক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কোর্সে নিম্নবর্ণিত বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়:

1. Developing Strategic Directions for the Organization
2. Assessing Internal and External Environment of an Organization
3. Formulating Goal, Objectives and Strategies for the Organization
4. Monitoring & Implementing Strategies in the Organization.

# যোগদান ও বদলি

## যোগদান

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর এবং পদবি | যোগদানের তারিখ | পূর্বতন কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি (২১১৯)<br>রেক্টর | ২৩.০৫.২০১৭ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত সচিব) বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল |
| ০২. | বেগম ফারহিনা আহমেদ (৫৭৬৪)<br>পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | ১২.০১.২০১৭ | বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ০৩. | মো: তরিকুল ইসলাম (১৫৫২০)<br>প্রোগ্রামার (সিনিয়র সহকারী সচিব) | ০৯.০৪.২০১৭ | ডিএমআরটিডিপি, ঢাকা |
| ০৪. | মোহাম্মদ রুহুল কুদ্দুস (১৫৭৮০)<br>উপপরিচালক (প্রশাসন) | ১৩.০৪.২০১৭ | উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর |
| ০৫. | মুহাম্মদ মুরাদুল ইসলাম (১৭২৭০)<br>সহকারী পরিচালক | ২৩.০৪.২০১৭ | বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ০৬. | মোহাম্মদ আশরাফুল আফসার (১৫৮৯২)<br>রেক্টরের একান্ত সচিব | ৩০.০৫.২০১৭ | বিশেস ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) জনপ্রশাসন মন্ত্রণালয়, চেয়ারম্যানের একান্ত সচিব বিইপিআরসি |

## বদলি

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর এবং পদবি | অবমুক্তির তারিখ | নতুন কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | ড. এম আসলাম আলম (১১৭১)<br>রেক্টর | ২৩.০৫.২০১৭ | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |
| ০২. | সৈয়দ আহ্‌সানুল হক (২১৩৩)<br>পরিচালক (প্রশাসন) | ২২.০১.২০১৭ | বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ০৩. | জাকিয়া পারভীন (১৫০৯৯)<br>উপপরিচালক (প্রশাসন) | ০৩.০৪.২০১৭ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা |
| ০৪. | মোহাম্মদ রুহুল কুদ্দুস (১৫৭৮০)<br>উপপরিচালক (প্রশাসন) | ০৮.০৫.২০১৭ | পরিবেশ ও বন মন্ত্রণালয় মাননীয় মন্ত্রির একান্ত সচিব |
| ০৫. | এম শান-ই-আলম মিষ্টি (১৬৫০২)<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | ১০.০১.২০১৭ | বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ০৬. | মোহাম্মদ আফজাল হোসেন (১৬৪১৪)<br>প্রোগ্রামার (সিনিয়র সহকারী সচিব) | ১৫.০৬.২০১৭ | ডিএমআরটিডিপি, ঢাকা |
| ০৭. | মুহাম্মদ মুরাদুল ইসলাম (১৭২৭০)<br>সহকারী পরিচালক | ২৯.০৫.২০১৭ | প্রটোকল অফিসার, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় |

# বিদেশ সফর

- ❖ বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, গত ০৩ জুন ২০১৭ হতে ১২ জুন ২০১৭ তারিখ পর্যন্ত ভারতের হায়দ্রাবাদ সফর করেন।

- ❖ বিসিএস প্রশাসন একাডেমির পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো: জহিরুল ইসলাম গত ২১ ফেব্রুয়ারি ২০১৭ হতে ০২ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত মালয়েশিয়া সফর করেন।

- ❖ বিসিএস প্রশাসন একাডেমির উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব এ. কে. এম. ফজলুল হক গত ০১ মে ২০১৭ হতে ০৫ মে ২০১৭ তারিখ পর্যন্ত ইন্দোনেশিয়া সফর করেন।

- ❖ বিসিএস প্রশাসন একাডেমির সিনিয়র লাইব্রেরিয়ান জনাব মো: এমদাদুল হক, গত ০৩ জুন ২০১৭ হতে ১২ জুন ২০১৭ তারিখ পর্যন্ত ভারতের হায়দ্রাবাদ সফর করেন।

- ❖ বিসিএস প্রশাসন একাডেমির সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জনাব মো: মাহমুদুল হক গত ০১ মে ২০১৭ হতে ০৫ মে ২০১৭ তারিখ পর্যন্ত ইন্দোনেশিয়া সফর করেন।

## ফটোগ্যালারি



বিসিএস প্রশাসন একাডেমিতে মুক্তিযুদ্ধ কর্ণার পরিদর্শনরত মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম।



বিসিএস প্রশাসন একাডেমিতে ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সে সেশন পরিচালনা করছেন জনাব আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক, এসডিজি, প্রধানমন্ত্রীর কার্যালয়



মুক্তিযুদ্ধ কর্ণার পরিদর্শন করছেন মূখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী।

# ফটোগ্যালারি



১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করছেন প্রধান অতিথি ড. মো: মোজাম্মেল হক খান, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়



মুক্তিযুদ্ধ কর্ণার পরিদর্শন করছেন  প্রাক্তন মন্ত্রিপরিষদ  সচিব জনাব মোশারফ হোসেন ভূঁইয়া ।



বিসিএস প্রশাসন একাডেমিতে ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সে অতিথি রজনীতে প্রধান অতিথি ড. কামাল উদ্দিন আহমেদ, সচিব, জননিরাপত্তা বিভাগ-কে ফুলেল শুভেচ্ছে একজন প্রশিক্ষণার্থী

## ফটোগ্যালারি



একাডেমীর লাইব্রেরীতে স্থাপিত মুক্তিযুদ্ধ কর্নার এর পরিদর্শন বইতে মতামত ব্যক্ত করছেন জনাব হেলালুদ্দীন আহমদ, বিভাগীয় কমিশনার, ঢাকা।




স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের সনদপত্র বিতরণ




বিসিএস প্রশাসন একাডেমির সহযোগিতায় জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার একটি মূহুর্ত



বিসিএস প্রশাসন একাডেমিতে ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্স কর্তৃক আয়োজিত মেস রজনীতে অতিথি ও প্রশিক্ষাণার্থীবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমিতে এ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স কর্তৃক আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথি   জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও রেক্টর বিসিএস প্রশাসন একাডেমি






দীর্ঘ ২৯বছর একটানা সংস্থাপন শাখায় দায়িত্ব পালন করার পর গত ২৪ জানুয়ারি ২০১৭ তারিখ জনাব মো: আবদুর রহিম এর বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও রেক্টর ড. এম আসলাম আলম এর নিকট হতে ফুলেল শুভেচ্ছা গ্রহণ

## ফটোগ্যালারি




১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের দেয়ালিকা উন্মোচন করছেন জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও রেক্টর বিসিএস প্রশাসন একাডেমি



১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করছেন অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মো: আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও রেক্টর বিসিএস প্রশাসন একাডেমি।



১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের গেমস এর অংশ হিসেবে বাস্কেট বল প্রতিযোগিতার চিত্র

# ফটোগ্যালারি



ক্যারাম প্রতিযোগীতায় অংশগ্রহণরত ১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ



১০০ ও ১০১তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের টেবিল টেনিস প্রতিযোগিতার একটি মুহূর্ত।



ইয়োগায় অংশগ্রহণরত একাডেমির বিভিন্ন কোর্সের প্রশিক্ষণার্থীগণ।

## ফটোগ্যালারি



এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণের বান্দরবন শিক্ষা সফরের একটি স্থিরচিত্র



কক্সবাজার শিক্ষা সফরে এ৬৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ



জনাব মোহাম্মদ রুহুল কুদ্দুস (১৫৭৮০), উপপরিচালক (প্রশাসন) কে বিদায়ী স্মারক তুলে দিচ্ছেন জনাব পরিতোষ চন্দ্র দাস, এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি

# ফটোগ্যালারি



বিসিএস প্রশাসন একাডেমিতে ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ




এ৬৪তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স কর্তৃক আয়োজিত রেক্টর'স টি অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব ফারহিনা আহমেদ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও কোর্স পরিচালক, বিসিএস প্রশাসন একাডেমি



বেগম শান-ই-আলম মিষ্টি (১৬৫০২), সহকারী পরিচালক (প্রশিক্ষণ) কে বিদায়ী স্মারক তুলে দিচ্ছেন ড. এম আসলাম আলম, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি




বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০